

হৃদ মাঝারে রাখব দয়াল
কারোকে না জানতে দেব ॥

I will store you in my heart, Kind One
I won't let anyone know

প্রেমের খুঁটি প্রেমের মাটি
তাই দিয়ে একখান ঘর বানাব
সেই ঘরেতে বসে দয়াল
জানলা কপাট ঐটে দেব ॥

With love-pole and love-clay
I will build a house.
Sitting in the house, Kind One
I will shut the window and the door.

প্রেমের দড়ি প্রেমের গুড়া
তাই দিয়ে একখান খাট বানাব
সেই খাটেতে বসে দয়াল
প্রেম পাখাতে বাতাস নেব ॥

With love-rope and love-wood
I will build a cot.
Sitting on the cot, Kind One
I will fan myself with the love-fan

প্রেমের জলুই প্রেমের পাটা
তাই দিয়ে একখান নাও বানাব
সেই নৌকাতে বসে দয়াল
গুরু শিষ্য পাড়ি দেব ॥

With love-nail and love-plank
I will build a boat.
Sitting in that boat, Kind One
(You) guru and (me) disciple will set sail

Rough translation by Soumya Chakravarti